ফাতওয়া নাম্বার:৫০৭ প্রকাশকালঃ২২-১০-২০২৪

প্রাইজবন্ড কেনা কি বৈধ?

প্রশ্ন: প্রাইজবন্ড কেনা কি বৈধ?

-মুহাম্মাদ হারুন

উত্তর:

بسم الله، والحمد لله، والصلاة والسلام على رسول الله، أما بعد!

প্রচলিত প্রাইজবন্ড সুদের উপর প্রতিষ্ঠিত। বন্ডের সকল ক্রেতার অর্থে সুদ ধরা হয়। কিন্তু নির্দিষ্ট সময় পূর্ণ হওয়ার পর প্রত্যেককে তার সুদের অংশ দেয়ার পরিবর্তে লটারী করে শুধু বিজয়ীদের তা প্রদান করা হয়, যা জুয়ার অন্তর্ভুক্ত। এভাবে প্রাইজবন্ডের সুদের অর্থ জুয়ার মাধ্যমে বিতরণ করা হয়। অতএব, প্রচলিত প্রাইজবন্ড হচ্ছে সুদ ও জুয়া উভয়টির সমষ্টি। এ ধরনের প্রাইজবন্ড ছাড়া, কেনা এবং এর পুরস্কার গ্রহণ করা সবই হারাম।

-জাওয়াহিরুল ফিকহ: ৪/৫৪৮, যাকারিয়া; আলমায়ায়িরুশ শারইয়্যাহ, পৃ: ৩৫৯, মিয়ার নং: ২১;

ইসলামী ফিকহী বোর্ড, রাবেতা: ২০০২ সনে অনুষ্ঠিত ১৬ নং সেমিনারের ১ নং সিদ্ধান্ত; বুহুস ফি কাযায়া ফিকহিয়্যা মুআসারা: ২/২৩-২৪ ও ১৫৯-১৬১, দারুল কলম; ফাতাওয়া উসমানী: ৩/১৭৩-১৭৬, যাকারিয়া

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৮-০৩-১৪৪৬ হি.

০২-১০-২০২৪ ঈ.